বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বরঃ ১/২০১৬ তারিখঃ ৩১/০৫/২০১৬খ্রিঃ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত শূণ্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা
১.	ব্যক্তিগত কর্মকর্তা	০৭	টাকা ১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা সমমান পরীক্ষায় পাসসহ প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে ৮০ ও ৫০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেটিং সনদ পত্র প্রাপ্ত হতে হবে।
২.	ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার	০১	টাকা ১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম এইচ,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর পদে ০৭ বছরের অভিজ্ঞতা।
৩.	স্টেনো-টাইপিস্ট	০৩	টাকা ১০,২০০-২৪,৬৮০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম এইচ,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী ও বাংলায় টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি থাকতে হবে।
৪.	অফিস সহকারী	০৭	টাকা ৯,৩০০-২২,৪৯০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম এইচ,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সাঁটলিপি ও কম্পিউটার টাইপিং-এ জ্ঞানসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৫.	মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী	১৫	টাকা ৯,৩০০-২২,৪৯০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম এইচ,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। ইংরেজী ও বাংলায় কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।
৬.	ফটোস্ট্যাট মেশিন অপারেটর	০১	টাকা ৯,০০০-২১,৮০০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ফটোস্ট্যাট মেশিন পরিচালনায় দক্ষতাসহ ন্যূনতম এস,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন।
৭.	অফিস সহায়ক	০১	টাকা ৮,২৫০-২০,০১০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম এস,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন।
৮.	এম,এল,এস,এস	২৬	টাকা ৮,২৫০-২০,০১০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন।
৯.	দারোয়ান	০৩	টাকা ৮,২৫০-২০,০১০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন।
১০.	ফরাশ	০২	টাকা ৮,২৫০-২০,০১০ এবং তৎসহ অন্যান্য আনুষাঙ্গিক ভাতাদি।	ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন।

শর্তাবলীঃ-

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র, প্রবেশপত্র স্বহস্তে পূরণ করে আগামী ১৬/০৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে (অফিস সময়ের মধ্যে) সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি পৌঁছাতে হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইট (www.supremecourt.gov.bd) হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম/উক্ত ডাউনলোডকৃত ফরম ফটোকপি করে ব্যবহার করা যাবে।

২। প্রার্থীর বয়সসীমা ১৬/০৬/২০১৬ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং চাকুরীরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে ছবি ও ট্রেজারী চালান ব্যতিত অন্যকোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের ০১ সেট ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক তাঁর নামযুক্ত সীলসহ সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৫। ১-৫ নং ক্রমিকে বর্ণিত পদে আবেদনকারীগণকে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান প্রদত্ত কম্পিউটার অপারেটিং এ অভিজ্ঞতা ও প্রযোজ্য ক্ষেত্রে সাঁটলিপিতে দক্ষতার সনদপত্র থাকতে হবে।

৬। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ১-২ নম্বর ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, ৩-৬ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০ (এক শত) টাকা এবং ০৭-১০ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০২০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তবে এক্ষেত্রে পোষ্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। আবেদনের সাথে কোন পোষ্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হলে তা সুপ্রীম কোর্টের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৭। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ, প্রদান করা হবে না।

৮। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোন পদের পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করা এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আদেশক্রমে,

৩১.৫.২০১৬

(মোহাম্মদ কামাল হোসেন শিকদার)
ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র)
ফোন: ০২-৯৫৭০৯৯১